

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৯৩

২২/ সাওম [রোযা] (کتاب الصيام) পরিচ্ছেদঃ ৩৬/ সন্দেহযক্ত দিনে সাওম পালন করা

باب صِيَام يَوْم الشَّكِّ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ أَبِي يُونُسَ، عَنْ سِمَاكِ، قَالَ دَخَلْتُ عَلَى عِكْرِمَةَ فِي يَوْمٍ قَدْ أُشْكِلَ مِنْ رَمَضَانَ هُوَ أَمْ مِنْ شَعْبَانَ وَهُوَ يَأْكُلُ خُبْزًا وَبَقْلاً وَلَبَنَا غَقَالَ لِي هَلُمَّ . فَقُلْتُ إِنِي صَائِمٌ . قَالَ وَحَلَفَ بِاللَّهِ لَتُفْطِرَنَّ قُلْتُ سُبْحَانَ اللَّهِ مَرَّتَيْنِ فَقَالَ لِي هَلُمَّ . فَقُلْتُ ابْنَ عَبَّاسٍ فَقَالَ رَأَيْتُهُ يَحْلِفُ لاَ يَسْتَتْنِي تَقَدَّمْتُ قُلْتُ هَاتِ الآنَ مَا عِنْدَكَ قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ فَلَمَّا رَأَيْتُهُ يَحْلِفُ لاَ يَسْتَتْنِي تَقَدَّمْتُ قُلْتُ هَاتِ الآنَ مَا عِنْدَكَ قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " صنومُوا لِرُوْيَتِهِ وَأَفْطِرُوا لِرُوْيَتِهِ فَإِنْ حَالَ يَقُولُ قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " صنومُوا لِرُوْيَتِهِ وَأَفْطِرُوا لِرُوْيَتِهِ فَإِنْ حَالَ بَيْنَهُ سَحَابَةٌ أَوْ ظُلُمَةٌ فَأَكْمِلُوا الْعِدَّةَ عِدَّةَ شَعْبَانَ وَلاَ تَسْتَقْبِلُوا الشَّهْرَ اسْتِقْبَالاً وَلاَ تَصِلُوا رَمَضَانَ بِيَوْمٍ مِنْ شَعْبَانَ " .

বাংলা

২১৯৩। কুতায়বা (রহঃ) ... সিমাক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন যে, আমি ইকরামা (রহঃ) এর কাছে এমন একদিন গেলাম যে দিনটি সম্পর্কে সন্দেহ করা হলো যে, তা কি রমযান না শা'বান। তিনি তখন রুটি ও সবজী খাচ্ছিলেন এবং দুধ পান করছিলেন। তিনি আমাকে বললেনঃ আসো (এবং খাও) আমি বললাম, আমি তো সাওম (সিয়াম/রোজা/রোযা) পালন করছি। তিনি আল্লাহর নামে শপথ করে বললেন যে, তোমাকে অবশ্যই সাওম ভঙ্গ করতে হবে। আমি দুই বার বললামঃ সুবহানাল্লাহ। যখন আমি তাঁকে দেখলাম যে, তিনি শপথ করছেন এবং আমাকে ছাড়বেন না-আমি নিজেই অগ্রসর হয়ে বললামঃ এখন আপনার কাছে কি আছে আনুন।

তিনি বললেন, আমি ইবনু আব্বাস (রাঃ)-কে বলতে শুনেছি যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা (রমযান মাসের) চাঁদ দেখে সাওম পালন করবে এবং (শাওয়াল মাসের) চাঁদ দেখে সাওম ভঙ্গ করবে, তবে হ্যাঁ, তোমাদের এবং চাঁদের মাঝখানে যদি মেঘ অথবা অন্ধকার আড়াল হয় তবে তোমরা শা'বান মাসের গননা পূর্ণ করে নেবে এবং রমযান মাস আগমন করার পুর্বে তোমরা সাওম পালন দ্বারা রমযান মাসকে সন্বর্ধনা জানাবে না আর একদিনের সাওম পালন দ্বারা রমযান মাসকে শা'বান মাসের সাথে মিলিয়ে ফেলবে না।



English

It was narrated that Simak said:

"I entered upon 'Ikrimah on the day concerning which there was doubt as to whether it was Ramadan or Shaban, and he was eating bread, vegetables and milk. He said: 'Come and eat.' I said: 'I am fasting.' He adjured me by Allah to break my fast. I said Subhan-Allah twice. When I saw that he was insisting, I went forward and said: 'Give me what you have.' He said: 'I heard Ibn 'Abbas say: The Messenger of Allah said: 'Fast when you see it (the crescent) and stop fasting when you see it, and if clouds or darkness prevent you from seeing it, then complete the number of days of Shaban, and do not fast ahead of the month, and do not join Ramadan to a day of Shaban." '

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সিমাক ইবন হারব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন